# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 21-09-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) দেশেজুড়ে আগামীকাল জিএসটি-র পরিবর্তিত হার কার্যকর হওয়ার প্রাক্কালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, এরফলে এক দেশ – এক করের স্বপ্ন বাস্তবায়িত হচ্ছে।

শ্রী মোদী ফের স্থানীয় পণ্য সামগ্রী ব্যবহারের ওপর জোর দিয়েছেন।

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস বলেছেন জি এস টি-র এই নতুন হার অর্থনীতিকে আরও মজবুত করবে।

২) আজ মহালয়া, সকালে ঘাটে ঘাটে মানুষ ভীড় করেন পিতৃপুরুষের স্মৃতিতে তর্পন দিতে। পিতৃপক্ষের অবসানের পর হবে দেবীপক্ষের সূচনা।

৩) রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘ আর এস এস-এর শতবর্ষ উদযাপন উপলক্ষে রাজ্যজুড়ে নমো ম্যারাথন ও রুটমার্চের আয়োজন।

৪) কলকাতার চারু মার্কেট এলাকায় একটি জিমে দুষ্কৃতিদের গুলি চালানোর ঘটনায় উত্তেজনা ছড়িয়েছে।

বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, পশ্চিমবঙ্গ দুষ্কৃতিদের রাজ্য হয়ে উঠেছে।

৫) দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আগামী পাঁচদিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ।

ooooooooooooooooooooooo

নবরাত্রির সূচনালগ্নে আগামীকাল দেশে জুড়ে পণ্য ও পরিষেবা করের পরিবর্তিত হার কার্যকর হচ্ছে। তার আগে আজ বিকেলে জাতির উদ্দেশ্যে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার কার্যকর হওয়ার মাধ্যমে এক দেশ – এক করের স্বপ্ন বাস্তবায়িত হবে।

(বাইট - এক দেশ – এক কর)

একই সঙ্গে আগামীকাল জিএসটি সঞ্চয় উৎসবেরও সূচনা হবে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী জানান, মানুষ অনেক কম দামে তাদের পছন্দের জিনিসপত্র কিনতে পারবেন। কর কাঠামোর সংস্কারের ফলে দেশের আর্থিক বৃদ্ধি তরান্বিত হবে। এর মাধ্যমে যুব, মধ্যবিত্ত, কৃষক, মহিলা ও ব্যবসায়ী, দোকানী এবং শিল্প উদ্যোক্তারা দারুণভাবে উপকৃত হবেন। প্রধানমন্ত্রী বলেন, দেশের উন্নয়নে প্রত্যেক রাজ্যকে সমানবাবে অংশ নিতে হবে। পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার, সঞ্চয় উৎসব এবং নবরাত্রি উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়ে শ্রী মোদী বলেন, আত্মনির্ভর ভারত গঠনের পথে দেশবাসী আরও এক ধাপ এগিয়ে গেল।

দেশের নাগরিকরা এতোদিন জটিল কর ব্যবস্থায় সমস্যার সম্মুখীন হচ্ছিলেন, তাঁর সরকার সমগ্র কর ব্যবস্থাকে সরলীকরণ করেছে। ২০১৪ সালে ক্ষমতায় আসার পর সংশ্লিষ্ট সকলের সঙ্গে আলোচনার ভিত্তিতে পণ্য ও পরিষেবা কর GST চালু করা হয়। কেন্দ্র ও রাজ্য সরকারের প্রচেষ্টায় বাতিল কর হয় শতাধিক কর। নতুন কর ব্যবস্থায় চারটি ধাপের পরিবর্তে পাঁচ ও ১৮ শতাংশে দুটি ধাপ রাখা হয়েছে। নিত্য প্রয়োজনীয় জিনিষ, ওষুধ, স্বাস্থ্য বীমা সহ একাধিক ক্ষেত্রে জিএসটি হ্রাস ও মুকুব করা হয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, গত ১১ বছরে ২৫ কোটি মানুষ দারিদ্র সীমা থেকে বেরিয়ে এসেছেন। এবছর সরকার আয়করে ছাড়ের কথা ঘোষণা করায় মধ্যবিত্তরা বিশেষ সুবিধা পেয়েছেন। এদিন প্রধানমন্ত্রী স্থানীয় বা আঞ্চলিক পণ্য ব্যবহারের ওপর জোর দেন।

(বাইট - স্বদেশী)

oooooooooooooooooooooooooooo

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস বলেছেন, জিএসটির এই নতুন হার অর্থনীতিকে আরও মজবুত করবে। পশ্চিমবঙ্গ-এর মানুষ এর ফলে বিশেষভাবে উপকৃত হবেন বলে আশা প্রকাশ করেন তিনি।

(রাজ্যপাল-বাইট)

oooooooooooooooooooooo

আজ মহালয়া। পিতৃপক্ষের অবসানে দেবী পক্ষের সূচনা হতে চলেছে।

(বাজলো তোমার আলোর বেণু)

বাঙালীর চিরন্তন ঐতিহ্য মেনে আজ ভোরে আকাশবাণীতে সম্প্রচারিত হয়, মহিষাসুরমর্দিনী। বাণী কুমার রচিত, পঙ্কজ কুমার মল্লিক সুরারোপিত ও বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের গ্রন্থনায় **১৯৭২** সালে রেকর্ডিংটি শোনানো হয়েছে।

(মহিষাসুরমর্দিনী)

মহালয়ার পুণ্য তিথিতে সকাল থেকেই গঙ্গা সহ বিভিন্ন নদ নদী ও জলাশয়ে চলে পিতৃ তর্পণ।

কলকাতার বাজে কদমতলা ঘাট, জাজেস ঘাট, বাবুঘাট, বাগবাজার সহ সমস্ত গঙ্গার ঘাটগুলিতে পূর্ব পুরুষদের উদ্দেশ্যে তর্পণ সম্পন্ন হয়। বিভিন্ন জেলার নদ-নদীর ঘাটগুলিতেও বহু মানুষ তর্পন সারেন। বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বাগবাজার মায়ের ঘাটে পূর্বপুরুষদের পাশাপাশি মৃত দলীয় নেতা-কর্মীদের স্মৃতি তর্পণ করেন।

এই উপলক্ষে গঙ্গারঘাটগুলিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়। সিসিটিভি ক্যামেরা ও ড্রোণের মাধ্যমে চলে নজরদারি।

এদিকে, আজ থেকেই শহরের অনেক বড় পুজো দর্শনার্থীদের জন্য খুলে দেওয়ায় ভীড়ের কথা মাথায় রেখে, শহরজুড়ে বাড়তি পুলিশ মোতায়েন করা হচ্ছে।

oooooooooooooooooooooo

মহালয়ায় তর্পণ করতে গিয়ে রাজ্যে তিনজনের মৃত্যুর খবর মিলেছে। তলিয়ে গিয়ে নিখোঁজ এক কিশোরী।

কলকাতার বাবুঘাটে তর্পণ করানোর সময় হৃদরোগে আক্রান্ত হয়ে এক পুরোহিত প্রাণ হারিয়েছেন। পশ্চিম মেদিনীপুরের সবং-এর বাসিন্দা ৬০ বছরের শিবরাম ভট্টাচার্য গতরাতেই কলকাতায় আসেন। আজ সকালে তর্পণ চলাকালীন আচমকাই অসুস্থ হয়ে জলে পড়ে যান তিনি। এসএসকেএম হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

এদিকে, উত্তর ২৪ পরগনার রাসমণি ঘাটে গঙ্গায় তর্পন করতে এসে তলিয়ে গিয়ে নদীয়ার কল্যাণীর এক যুবকের মৃত্যু হয়েছে। গয়েশপুরের বাসিন্দা ওই যুবক জলের স্রোতে তলিয়ে যান, প্রায় আধ ঘণ্টা পরতাকে উদ্ধার করে কল্যাণীর জে এন এম হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।

অন্যদিকে, পুরুলিয়ার বলরামপুরে বাঘাডি গ্রামের বাসিন্দা ৩৭ বছর বয়সী অশোক মোদকের তর্পণ করতে গিয়ে মৃত্যু হয়েছে। পুকুর পাড়ে তার দেহ পড়ে থাকতে দেখেন স্থানীয়রা।

হাওড়ার উলুবেড়িয়ার কালীবাড়ি ঘাটে হুগলী নদীতে তর্পন করতে নেমে নিখোঁজ ১২ বছরের কিশোরী দয়েল দত্তর এখনও কোন সন্ধানে পাওয়া যায়নি।

oooooooooooooooooooooo

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ আর এস এস-এর শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে আজ রাজ্যজুড়ে পথসঞ্চালন কার্যক্রম অনুষ্ঠিত হয়। নিউটনের নেতাজী সুভাষচন্দ্র পার্কে এই রুট মার্চে অংশ নেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। তিনি বলেন, সংঘের একজন স্বয়ংসেবক হিসেবে তিনি এই রুট মার্চে অংশগ্রহণ করেছেন। পূর্ব মেদিনীপুরের কাঁথিতেও স্বয়ংসেবক সংঘের রুট মার্চে অংশ নেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও।

হাওড়ার উলুবেড়িয়ার গঙ্গারামপুর মোড় থেকে শুরু হয়ে ফুলেশ্বর বাসস্ট্যান্ড পর্যন্ত পথসঞ্চালন পদযাত্রায় অংশ নেন প্রায় ২০০ জন স্বয়ংসেবক। শতাধিক স্বয়ংসেবকের উপস্থিতিতে পথসঞ্চালন পদযাত্রা অনুষ্ঠিত হয় জলপাইগুড়িতেও।সেখানে উপস্থিত ছিলেন জলপাইগুড়ির সাংসদ ডাক্তার জয়ন্ত কুমার রায় সহ অন্যান্য বিশিষ্টরা। কোচবিহার শহরেও সংগঠনের পক্ষ

থেকে নগর একত্রীকরণ ও পথ সঞ্চালন কার্যক্রমে অংশগ্রহণ করেন কয়েকশো স্বয়ং সেবক। কোচবিহার রাজবাড়ি থেকে কর্মসূচি শুরু হয়ে শহর পরিক্রমা করেন তারা।

তবে দক্ষিণ ২৪ পরগনার মহেশতলায় রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের পথ সঞ্চালনায় বাধা দেওয়ার অভিযোগ ওঠে পুলিশের বিরুদ্ধে। এদিন বিকেলে মহেশতলার মোল্লার গেট থেকে এই পথ সঞ্চালনা শুরু হওয়ার কথা ছিল। কিন্তু পুলিশের বাধার মুখে পথ সঞ্চালনা কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত নেন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের কর্মীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

নেশামুক্ত ভারত গঠনে যুব সমাজকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার। কলকাতায় আজ নমো যুব দৌড়ে অংশ নিয়ে তিনি বলেন, দেশের যুব সমাজ যাতে মাদকাশক্ত না হয়ে পড়ে, সেই লক্ষে এই দৌড়ের আয়োজনা করা হয়েছে। উত্তর কলকাতার স্বামী বিবেকানন্দের পৈত্রিক বাসভবন থেকে  শ্যামবাজার পাঁচমাথা মোড়ে নেতাজী সুভাষ চন্দ্র বসুর মূর্তির পাদদেশ পর্যন্ত নমো যুবা দৌড়ে উপস্থিত ছিলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, দলের নেতা রাহুল সিনহা, ইন্দ্রনীল খাঁ প্রমুখ।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে সেবা পক্ষকাল পালনের অঙ্গ হিসেবে বিজেপি আজ 'নম ম্যারাথনে'র আয়োজন করে। ভারত যাতে নেশা মুক্তির পথে এগিয়ে যেতে পারে তার জন্য এই উদ্যোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

জনসেবা ও সুশাসনের মন্ত্রে পরিচালিত, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ ধারাবাহিক - 'সেবা পর্ব'- এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার কৃষকদের আর্থিক নিরাপত্তা জোরদার করেছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০

কলকাতার চারুমার্কেট এলাকায় দেশপ্রাণ শাসমল রোডে একটি জিমে দুষ্কৃতিদের গুলি চালনার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। আজ দুপুরে দুই দুষ্কৃতি বাইকে করে এসে জিমের মালিককে লক্ষ্য করে দু-রাউন্ড গুলি চালিয়ে চম্পট দেয় বলে অভিযোগ। যদিও হতাহতের কোন খবর নেই। দুষ্কৃতিদের খোঁজে তল্লাশি শুরু হয়েছে। আজ বিকেলে লালবাজারের গোয়েন্দা দল ঘটনাস্থলে যান।

এদিকে, বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য অভিযোগ করেছেন, পশ্চিমবঙ্গ ক্রমশ দুষ্কৃতিদের রাজ্য হয়ে উঠেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর পূর্ব বঙ্গোপসাগরে অবস্থানরত ঘূর্ণাবর্ত, আগামী ২৪ ঘন্টায় নিম্নচাপে পরিণত হতে পারে।

আগামী ২৫ তারিখ পূর্ব মধ্য বঙ্গোপসাগর ও সংলগ্ন উত্তর বঙ্গোপসাগর এলাকায় অপর একটি নিম্নচাপ এলাকা তৈরি হওয়ার সম্ভাবনা। এর প্রভাবে আগামী ৫ দিন দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। উপকূলের জেলা গুলিতে আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ কিছুটা বাড়বে। উত্তরবঙ্গে হাল্কা বৃষ্টির পূর্বাভাষ।

০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা আন্তরাজ্য অনূর্ধ ২৩ ক্রিকেটের ফাইনালে ছত্তিশগড়ের কাছ পাঁচ উইকেটে পরাজিত হয়েছে। পুদুচেরিতে বাংলা প্রথমে ব্যাট করে ১২৫ রানে অলআউট হয়ে যায়। ছত্তিশগড় ৩১ ওভার পাঁচ বলে পাঁচ উইকেটে ১২৯ রান তুলে নেয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০